

## দ্বিতীয় অধ্যায়
# স্কাউটিং ও গার্ল গাইড

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

**স্কাউটিং ও গার্ল গাইডের ধারণা ও প্রয়োজনীয়তা :** স্কাউটিং ও গার্ল গাইড একটি অরাজনৈতিক সেবামূলক সংগঠন। বিশ্বব্যাপী এর পরিচিতি রয়েছে। বালকদের স্কাউট এবং বালিকাদের গাইড বলা হয়। রবার্ট স্টিফেনসন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল স্কাউটিং ও গাইড আন্দোলনের প্রতিষ্ঠাতা। বাংলাদেশে স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচি চালু হয় বাংলাদেশের স্বাধীনতা লাভের পরপর ১৯৭২ সালে। এসব কর্মসূচির সফল বাস্তবায়নের ফলে দেশের বালক–বালিকাদের মধ্যে মানবিক মূল্যবোধের উন্মোষ ও উন্নয়ন ঘটানো এবং তাদেরকে সমাজ–সচেতন দৃষ্টিভঙ্গির অধিকারী হিসেবে গড়ে উঠতে সাহায্য করছে। স্কাউটিং ও গার্ল গাইডের স্লোগান হচ্ছে “প্রতিদিন কারো না কারো উপকার করা”।

**স্কাউটিং ও গার্ল গাইডের মূলমন্ত্র ও প্রতিজ্ঞা :** মূলমন্ত্র, চিহ্ন, সালাম এগুলো স্কাউটিং ও গার্ল গাইডের সাধারণ বিষয়। স্কাউটিং আন্দোলন তিনটি মূলনীতির ওপর প্রতিষ্ঠিত, যথা : ১. স্রষ্টার প্রতি কর্তব্য পালন, ২. অপরের প্রতি কর্তব্য পালন, ও ৩. নিজের প্রতি কর্তব্য পালন।

**স্কাউটিং ও গার্ল গাইডের কর্মসূচি :** স্কাউটিং ও গার্ল গাইডের আট দফা কর্মসূচি রয়েছে। যথা: ১. চরিত্র গঠন; ২. নিজেকে জানা; ৩. সৃজনশীল ৰমতা অর্জন; ৪. পরস্পরকে জানা; ৫. সেবাব্রতে প্রস্তুত থাকা; ৬. গৃহকর্মে নিপুণতা অর্জন; ৭. বাইরের জগৎ থেকে আনন্দ আহরণ এবং ৮. শারীরিক উপযুক্ততা অর্জন।

**স্কাউটিং ও গার্ল গাইডের পোশাক :** স্কাউট/গাইড সদস্যগণ স্কাউট পোশাক পরে থাকে। গাইড/স্কাউট পোশাক সঠিক মাপ ও নমুনার হতে হবে। বাংলাদেশ গাইড/স্কাউটস অ্যাসোসিয়েশন কর্তৃক অনুমোদিত ব্যাজ ও ডেকোরেশন ছাড়া পোশাকের ওপর অন্য কিছু পরা যাবে না।

**প্রাথমিক চিকিৎসা :** প্রাথমিক চিকিৎসা হচ্ছে হঠাৎ কোনো দৈব দুর্ঘটনায় ডাক্তার না আসা পর্যন্ত হাতের কাছের জিনিস দিয়ে রোগীকে প্রাথমিকভাবে সাহায্য করা এবং রোগীর অবস্থা যাতে জটিলতর না হয় সেদিকে লৰ রেখে সাময়িক ব্যবস্থা গ্রহণ করা। প্রাথমিক চিকিৎসাকারীর কাজ প্রধানত তিনটি। যথা : ১. রোগ নির্ণয়; ২. চিকিৎসা; ৩. স্থানান্তর।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. ‘প্রতিদিন কারো না কারো উপকার করা’ স্লোগানটি কোন সংগঠনের?**
ক রেডক্রিসেন্ট　খ রোভার গাইড
● স্কাউটিং　ঘ বন্ধু বার্ড

**২. নিচ থেকে উপরে তোলার জন্য বা উপর থেকে নিচে নামানোর জন্য কোন গেরো ব্যবহার করা হয়?**
ক গুঁড়িটানা　● জীবন রৰা
গ পাল　ঘ তাঁবু

**৩. কোন স্থান কেটে গেলে সেৰেত্রে প্রাথমিক চিকিৎসার উপকরণ কোনটি?**
ক লিন্ট, প্যাথিড্রিন, বেরড ও ডেটল
● লিন্ট, প্যাড, স্প্লিন্ট ও ডেটল
গ কাঁচি, ড্রেসিং, হাতুরি, ছুরি ও প্যাড
ঘ প্যাড, কাঁচি, বটি ও বেরড

**৪. প্রাথমিক চিকিৎসায় আহত স্থানে বরফ ব্যবহৃত হয় কেন?**
ক ৰতস্থান বিশুদ্ধ করতে　খ রক্তপাত বন্ধ করতে
● ব্যথা কমানোর জন্য　ঘ ফোস্কা পড়া রোধে

**৫. গাড়িতে সাভার থেকে ঢাকা আসার পথে তূর্যকে একটি গাছের বড় এক ডাল সরাতে হয়। তূর্য কোন গেরো বেঁধে গাছের ডালটি সরাবে?**
ক ডাক্তারি　● গুঁড়িটানা
গ তাঁবু　ঘ বড়শি

**৬. দেয়ালে পেরেক মারার সময় হাতুড়ির আঘাতে শিহাবের আঙ্গুল থেতলে যায়। শিহাবের জন্য কোন প্রাথমিক চিকিৎসাটি প্রযোজ্য?**
ক জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করা
● ঠান্ডা পানিতে স্থানটি ভেজানো
গ সাবান দিয়ে হাত পরিষ্কার করা
ঘ ৰত স্থানে গদি/প্যাড ব্যবহার করা

**নিচের চিত্রটি লৰ কর এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**


চিত্র : ১


চিত্র : ২

স্লোগান - সদা প্রস্তুত
চিত্র : ৩

**৭. উদ্দীপকের ২নং চিত্রে ব্যবহৃত প্রতীকটি কোন সংগঠনের?**
ক বর বার্ড　খ রোভার　গ স্কাউট　● গার্ল গাইড

**৮. উদ্দীপকের ৰেত্রে প্রযোজ্য হলো–**
i. প্রতীকগুলোর সবগুলোই ছেলেদের সংগঠনের
ii. চিত্র–১ এর চিহ্নটি ছেলেমেয়ে উভয় সংগঠনের
iii. চিত্র–৩ উদ্দীপকে উলেৱখিত সংগঠনের মূলমন্ত্র
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　● ii ও iii　ঘ i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ভূমিকা ■ পৃষ্ঠা-১৬

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯. স্কাউটিং ও গার্ল গাইড বিশ্বব্যাপী কিরূ প আন্দোলন?** (জ্ঞান)
ক বাণিজ্যিক　● সেবামূলক　গ শিৰামূলক　ঘ ধর্মীয়

**১০. স্কাউটিং ও গার্ল গাইড কাদের আন্দোলন?** [গভ: ল্যাবরেটরি হাইস্কুল, খুলনা]
ক বালক　খ বালিকা　গ বৃদ্ধ　● যুব

১১. **সুনাগরিক হওয়ার ভিত্তি তৈরি করে কোনটি?** (জ্ঞান)
ক ব্যবসা খ ভ্রমণ গ শরীরচর্চা ● স্কাউটিং

১২. **স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলন কেন সৃষ্টি হয়?** (অনুধাবন)
ক শিৰার্থীদের ভালো ছাত্র হিসেবে গড়ে তুলতে
খ বালকদের সৈনিক হিসেবে গড়ে তুলতে
গ বালিকাদের সুগৃহিণী হিসেবে পুরস্কৃত করতে
● বালক–বালিকাদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে

১৩. **স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচির সফল বাস্তবায়নে কাদের সচেস্ট হওয়া প্রয়োজন?** (জ্ঞান)
ক বালকদের খ বালিকাদের গ শিৰকদের ● সবার

১৪. **স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচিতে সবার সচেস্ট হওয়া প্রয়োজন কেন?** (অনুধাবন)
ক শিৰার্থীদের কল্যাণে ● দেশ ও জাতির কল্যাণে
গ বালক–বালিকাদের কল্যাণে ঘ যুবক–যুবতীদের কল্যাণে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৫. **স্কাউটিং ও গার্ল গাইড–** (অনুধাবন)
i. বিশ্বব্যাপী পরিচিত ii. একটি ছাত্র আন্দোলন
iii. একটি সমাজ সেবামূলক আন্দোলন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. **স্কাউটিং ও গার্ল গাইড বিশ্বব্যাপী একটি সমাজ সেবামূলক যুব আন্দোলন। এই আন্দোলন সৃষ্টির কারণ–** (উচ্চতর দৰতা)
i. বালক–বালিকাদের সুস্বাস্থ্য অর্জনে সাহায্য করা
ii. বালক–বালিকাদের নৈতিক চরিত্র গঠনে উদ্বুদ্ধ করা
iii. বালক–বালিকাদের মানসিক গুণাবলির বিকাশ সাধন করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৭. **স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলন মালিহাকে সাহায্য করবে–** (প্রয়োগ)
i. চরিত্র গঠনে ii. ভালো ফলাফল অর্জনে
iii. মানবিক গুণাবলি বিকাশে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. **স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচি বাস্তবায়নে সবার সচেস্ট হওয়া প্রয়োজন–** (অনুধাবন)
i. নিজের কল্যাণে ii. জাতির কল্যাণে iii. দেশের কল্যাণে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

# পাঠ-১ : স্কাউটিং ও গার্ল গাইডের ধারণা ও প্রয়োজনীয়তা ■ পৃষ্ঠা : ১৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৯. **স্কাউটিং ও গার্ল গাইড কী ধরনের সংগঠন?** (জ্ঞান)
ক ব্যবসায়িক খ শিৰামূলক
গ রাজনৈতিক সেবামূলক ● অরাজনৈতিক সেবামূলক

২০. **স্কাউটিং ও গার্ল গাইডে বালকদের কী বলা হয়?** (জ্ঞান)
● স্কাউট খ গাইড গ সৈনিক ঘ সিপাহী

২১. **স্কাউটিং ও গার্ল গাইডে বালিকাদের কী বলা হয়?** (জ্ঞান)
ক গার্ল ● গাইড গ স্কাউট ঘ সৈনিক

২২. **গার্ল গাইড ও স্কাউটিং এর জনক কে?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর]
ক জুলিয়ান অ্যাসাস্থ ● লর্ড ব্যাডেন পাওয়েল
গ আলেক জান্ডার ঘ রবার্ট মুন্ডেল

২৩. **রবার্ট স্টিফেনসন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল জাতিতে কী ছিলেন?** (জ্ঞান)
ক পর্তুগিজ খ ফরাসি ● ইংরেজ ঘ বাংলাদেশি

২৪. **রবার্ট স্টিফেনসন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল পেশায় কী ছিলেন?** (জ্ঞান)
ক শ্রমিক ● সৈনিক গ শিৰক ঘ ডাক্তার

২৫. **লর্ড ব্যাডেন পাওয়েলের জন্ম কখন?** [ধানমন্ডি গভ. বয়েজ হাই স্কুল]
ক ১৮৫৭ সালের ২০শে ফেব্রুয়ারি খ ১৮৫৭ সালের ২১শে ফেব্রুয়ারি
● ১৮৫৭ সালের ২২শে ফেব্রুয়ারি ঘ ১৮৫৭ সালের ২৩শে ফেব্রুয়ারি

২৬. **লর্ড ব্যাডেন পাওয়েল কোথায় জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ক ভারতে ● ইংল্যান্ডে গ আমেরিকায় ঘ বাংলাদেশে

২৭. **স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলন সারাবিশ্বে ছড়িয়ে পড়ে–** (অনুধাবন)
ক শিৰার্থীদের জন্য উন্নত শিৰা ব্যবস্থা নিশ্চিত করতে
খ বালক–বালিকাদের আদর্শ সৈনিক হিসেবে গড়ে তুলতে
● বালক–বালিকাদের নৈতিক চরিত্র গঠনের লৰ্যে
ঘ বিশ্বের অসহায় মানুষদের সাহায্য করার লৰ্যে

২৮. **স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচি বালক–বালিকাদের কী গঠনে কার্যকর ভূমিকা রাখে?** (জ্ঞান)
ক সুস্বাস্থ্য খ সুস্থ মন
গ আত্মনির্ভরশীলতা ● নৈতিক চরিত্র

২৯. **লর্ড ব্যাডেন পাওয়েল গাইড আন্দোলনের জন্য কাদের দায়িত্ব দেন?** (জ্ঞান)
ক তার মাকে খ তার বন্ধুদের
গ তার ভাইকে ● তার স্ত্রী ও বোনকে

৩০. **লর্ড ব্যাডেন পাওয়েলের স্ত্রীর নাম কী?** (জ্ঞান)
ক অসিন ব্যাডেন পাওয়েল ● অলিভ ব্যাডেন পাওয়েল
গ এগনেস ব্যাডেন পাওয়েল ঘ এরিসন ব্যাডেন পাওয়েল

৩১. **লর্ড ব্যাডেন পাওয়েলের বোনের নাম কী?** (জ্ঞান)
ক আসিন ব্যাডেন পাওয়েল খ এরিসন ব্যাডেন পাওয়েল
● এগনেস ব্যাডেন পাওয়েল ঘ অলিভ ব্যাডেন পাওয়েল

৩২. **বাংলাদেশে স্কাউটিং ও গার্ল গাইড চালু হয় কত সালে?** (জ্ঞান)
ক ১৯৭১ ● ১৯৭২ গ ১৯৭৩ ঘ ১৯৭৪

৩৩. **স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচির সফল বাস্তবায়নের ফলে দেশের বালক–বালিকাদের মধ্যে কী ধরনের উন্নয়ন ঘটেছে?** (উচ্চতর দৰতা)
ক রাজনৈতিক খ অর্থনৈতিক
গ চারিত্রিক ● মানবিক মূল্যবোধের

৩৪. **স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচি বাস্তবায়নে সকলের সচেস্ট হওয়া প্রয়োজন। কেননা এসব কর্মসূচি বাস্তবায়ন হলে–** (উচ্চতর দৰতা)
ক দেশের মানুষ সমাজ সচেতন হবে
খ যুবক–যুবতীরা মানবকল্যাণে নিয়োজিত হবে
● বালক–বালিকাদের মধ্যে মানবিক মূল্যবোধের উন্মেষ ঘটবে
ঘ বালক–বালিকাদের মধ্যে আত্মমর্যাদা বৃদ্ধি পাবে

৩৫. **স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচি বালক–বালিকাদের কিরূ প দৃষ্টিভঙ্গির অধিকারী হিসেবে গড়ে উঠতে সাহায্য করছে?** (জ্ঞান)
ক ব্যবসায়িক খ রাজনৈতিক
গ আত্মসচেতন ● সমাজ–সচেতন

৩৬. **'প্রতিদিন কারো না কারো উপকার করা'– এটা স্কাউটিং ও গার্ল গাইডের কী?** (জ্ঞান)
ক মূলনীতি খ প্রতিজ্ঞা ● সেরাগান ঘ আদর্শ

৩৭. **স্কাউটিং ও গার্ল গাইডের সেরাগান বাস্তবায়নের জন্য রাহাত কোন কাজটি করবে?** (প্রয়োগ)
ক পুস্টিকর খাবার গ্রহণ করবে
খ নিয়মিত ব্যায়াম অনুশীলন করবে
গ রবটিনমাফিক পড়াশোনা করবে
● অন্ধ লোককে রাস্তা পার হতে সাহায্য করবে

৩৮. **রাস্তায় হাঁটার সময় একটি কলার খোসা দেখতে পেয়ে ঋতু তা তুলে পাশের ডাস্টবিনে ফেলে দিল। ঋতু গার্ল গাইডের কোন সেরাগানটি বাস্তবায়ন করল?** (উচ্চতর দৰতা)
ক পরিবেশ পরিষ্কার–পরিচ্ছন্ন রাখা খ অন্যের জন্য রাস্তা নিরাপদ করা
● প্রতিদিন কারো না কারো উপকার করা ঘ প্রতিদিন ভালো ভালো কাজ করা।

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৯. **রবার্ট স্টিফেনসন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল–** (অনুধাবন)
i. জাতিতে ইংরেজ ii. পেশায় একজন ডাক্তার
iii. স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলনের প্রতিষ্ঠাতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪০. **গাইড আন্দোলনের জন্য লর্ড ব্যাডেন পাওয়েল দায়িত্ব দেন–** (অনুধাবন)

i. তার স্ত্রীকে ii. তার মাকে iii. তার বোনকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪১. স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচির সফল বাস্তবায়নের ফলে বালক–বালিকারা–** (অনুধাবন)
i. সমাজ সচেতন দৃষ্টিভঙ্গির অধিকারী হবে
ii. মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে উঠবে
iii. দেশের আদর্শ রাজনীতিবিদ হিসেবে ভূমিকা রাখতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪২. স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচির সেরাগান বাস্তবায়নের জন্য স্কাউট ও গাইডদের প্রতিদিনের করণীয় হলো–** (উচ্চতর দৰতা)
i. রাস্তা থেকে ইট, পাথর তুলে ফেলা
ii. নিজের কাজগুলো নিজের হাতে করা
iii. অন্ধ ও শিশুকে রাস্তা পার হতে সাহায্য করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৩ ও ৪৪ নং প্রশ্নের উত্তর দাও :**
ষষ্ঠ শ্রেণিতে ওঠার পর মলি একটি সমাজ সেবামূলক সংগঠনে যোগ দেয় যার প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল। সংগঠনটির বিভিন্ন কর্মসূচির সফল বাস্তবায়নের ফলে মলির বয়সী বালক–বালিকাদের মধ্যে মানবিক মূল্যবোধের উন্মেষ ঘটছে।

**৪৩. মলি কোন সংগঠনের সদস্য?** (প্রয়োগ)
ক স্কাউটিং ● গার্ল গাইড গ রেডক্রস ঘ রেডক্রিসেন্ট

**৪৪. উক্ত সংগঠন সম্পর্কে প্রযোজ্য–** (উচ্চতর দৰতা)
i. বিশ্বব্যাপী এই সংগঠনটির পরিচিতি রয়েছে
ii. সংগঠনটি বালক–বালিকাদের সচ্চরিত্রের অধিকারী করবে
iii. সংগঠনটি সাফল্যজনকভাবে বাংলাদেশেও পরিচালিত হচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

# পাঠ-২ : স্কাউটিং ও গার্ল গাইডের মূলমন্ত্র ও প্রতিজ্ঞা

■ পৃষ্ঠা : ১৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৫. স্কাউটিং ও গার্ল গাইডের সদস্য ব্যাজ পেতে এ বিষয়ের কী জানতে হবে?** (জ্ঞান)
ক সেরাগান খ আইন
● মূলমন্ত্র ও প্রতিজ্ঞা ঘ জন্ম ইতিহাস

**৪৬. স্কাউট আন্দোলন কয়টি মূলনীতির ওপর প্রতিষ্ঠিত?** (জ্ঞান)
ক দুই ● তিন গ পাঁচ ঘ সাত

**৪৭. সুনাগরিক হওয়ার ভিত্তি তৈরি করে কোনটি?** (জ্ঞান)
● স্কাউটিং আইন খ স্কাউটিং সেরাগান
গ স্কাউটিং নীতি ঘ স্কাউটিং নিয়মাবলি

**৪৮. একজন স্কাউটকে অবশ্যই কী মেনে চলতে হয়?** (জ্ঞান)
ক ক্লাস রবটিন ● স্কাউটিং নীতিমালা
গ রাজনৈতিক নীতিমালা ঘ ব্যবসায়িক নীতিমালা

**৪৯. স্কাউটিংয়ের কয়টি আইন রয়েছে?** [বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]
● ৭ খ ৮ গ ৯ ঘ ১০

**৫০. স্কাউটরা কিসে বিশ্বাসী?** (জ্ঞান)
● আত্মমর্যাদায় খ বন্ধুত্বে গ শত্রবতায় ঘ নির্ভরশীলতায়

**৫১. একজন স্কাউট সদস্য হিসেবে জাবেদ কখনই তার কী ভঙ্গ করবে না?** (প্রয়োগ)
ক নিয়ম খ বন্ধুত্ব ● আত্মমর্যাদা ঘ প্রতিজ্ঞা

**৫২. স্কাউট কার বন্ধু?** (জ্ঞান)
ক যুদ্ধবন্দিদের খ বাস্তুহারাদের গ অসহায়দের ● সকলের

**৫৩. স্কাউট সদস্য হলে আরিফকে সকল কাজকর্ম কীভাবে করতে হবে?** (প্রয়োগ)
● হাসি মুখে খ দ্রবত গতিতে গ দলের সাথে ঘ একাকী

**৫৪. একজন স্কাউট কখনই কী করে না?** (জ্ঞান)
ক খেলাধুলা ● অপচয় গ সাহায্য ঘ জয়লাভ

**৫৫. গার্ল গাইডের জন্য কয়টি নিয়ম আছে?** [গভ. ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা]
ক ৮ খ ৯ ● ১০ ঘ ১১

**৫৬. গাইডদের আত্মমর্যাদা কী?** (জ্ঞান)
ক সর্বোচ্চ ● নির্ভরযোগ্য গ সম্মানযোগ্য ঘ পরিবর্তনযোগ্য

**৫৭. গাইড মাত্রই গাইডের কী?** (জ্ঞান)
ক সঙ্গী খ অর্ধাঙ্গী গ বন্ধু ● ভগ্নী

**৫৮. স্কাউট ও গার্ল গাইডের মূলনীতি কী?** [গভ. ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা]
● সদা প্রস্তুত খ সদালাপ গ সদভ্যাস ঘ মিতব্যয়ী

**৫৯. 'সদা প্রস্তুত' –এর অর্থ হলো–** (অনুধাবন)
ক দলকে সাহায্য করার জন্য সদা প্রস্তুত থাকা
● অন্যকে সাহায্য করার জন্য সদা প্রস্তুত থাকা
গ বন্ধুকে সাহায্য করার জন্য সদা প্রস্তুত থাকা
ঘ দেশকে সাহায্য করার জন্য সদা প্রস্তুত থাকা

**৬০. 'সদা প্রস্তুত'–এর ইংরেজি কী?** (জ্ঞান)
ক Be fast খ Be perfact
● Be Prepared ঘ Be Puntual

**৬১. প্রতিজ্ঞা পাঠের সময় কী দেখাতে হয়?** (জ্ঞান)
● চিহ্ন খ ব্যাজ গ ভক্তি ঘ নামফলক

**৬২. Golden tie কী?** (জ্ঞান)
● ডান হাতের কব্জি থেকে হাতের অগ্রভাগ পর্যন্ত
খ ডান হাতের কব্জি থেকে হাতের মধ্যভাগ পর্যন্ত
গ বাম হাতের কব্জি থেকে হাতের অগ্রভাগ পর্যন্ত
ঘ বাম হাতের কব্জি থেকে হাতের মধ্যভাগ পর্যন্ত

**৬৩. চিহ্নে হাতের মাঝের তিনটি আঙুল দ্বারা কী বোঝায়?** (জ্ঞান)
ক আইনের তিনটি অংশ ● প্রতিজ্ঞার তিনটি অংশ
গ মূলনীতির তিনটি অংশ ঘ নিয়মাবলির তিনটি অংশ

**৬৪. বুড়ো আঙুল ও কনিষ্ঠ আঙুলের বন্ধনের ফলে সৃষ্ট বৃত্তকে কী বলা হয়?** (জ্ঞান)
ক সাদা বন্ধন খ সোনালী বন্ধন ● ভ্রাতৃত্ব বন্ধন ঘ বন্ধন

**৬৫. স্কাউট ও গার্ল গাইডরা কয় আঙুলে সালাম দেয়?** (জ্ঞান)
ক দুই ● তিন গ চার ঘ পাঁচ

**৬৬. সালামের সময় বাহু শরীরের সাথে কত ডিগ্রি কোণে রাখতে হয়?** (জ্ঞান)
ক ৪৫° খ ৬০° গ ৭৫° ● ৯০°

**৬৭. আগে বাংলাদেশের স্কাউট ও গার্ল গাইডদের কোন হাতে করমর্দন করার প্রচলন ছিল?** (জ্ঞান)
ক ডান ● বাম গ উভয় ঘ যে কোনো

**৬৮. বর্তমানে বাংলাদেশের স্কাউট ও গার্ল গাইডরা কোন হাতে করমর্দন করে?** (জ্ঞান)
● ডান খ বাম গ উভয় ঘ যে কোনো

**৬৯. বাংলাদেশের স্কাউট ও গার্ল গাইডরা এখন ডান হাতে করমর্দন করে কেন?** (অনুধাবন)
ক আন্তর্জাতিক নিয়ম মেনে ● দেশের ঐতিহ্যের সাথে সম্মতি রেখে
গ ইসলামী আইন অনুসরণ করতে ঘ দেশের সংস্কৃতিতে বৈচিত্র্য তৈরি করতে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭০. স্কাউটিং ও গার্ল গাইডের সাধারণ বিষয় হলো–** (অনুধাবন)
i. চিহ্ন ii. সালাম iii. মূলমন্ত্র
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৭১. স্কাউট আন্দোলন যেসব মূলনীতির ওপর প্রতিষ্ঠিত–** (অনুধাবন)
i. স্রষ্টার প্রতি কর্তব্য পালন ii. নিজের প্রতি কর্তব্য পালন
iii. অপরের প্রতি কর্তব্য পালন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৭২. স্কাউট আইন–** (অনুধাবন)
i. সুনাগরিক হওয়ার ভিত্তি তৈরি করে
ii. অনুসরণ করে স্কাউট নীতিমালা তৈরি করা হয়েছে
iii. দশটি যার প্রতিটির আলাদা তাৎপর্য রয়েছে
**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

৭৩. **স্কাউটিং আইন হলো–** (অনুধাবন)
i. স্কাউট সকলের বন্ধু ii. স্কাউট আত্মত্যাগে বিশ্বাসী
iii. স্কাউট বিনয়ী ও অনুগত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

৭৪. **একজন স্কাউট নির্মল হয়–** (অনুধাবন)
i. কাজে ii. কথায় iii. চিন্তায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭৫. **একজন গার্ল গাইড সদস্য হিসেবে আফরোজাকে প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে–** (প্রয়োগ)
i. গাইডের নিয়মাবলি মেনে চলার ব্যাপারে
ii. কেবল বন্ধুদের উপকার করার ব্যাপারে
iii. স্রষ্টা ও দেশের প্রতি কর্তব্য পালনের ব্যাপারে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

৭৬. **গার্ল গাইডদের যেসব নিয়ম মেনে চলতে হয়–** (অনুধাবন)
i. গাইড মাত্রই বিরাগী ii. গাইডের আত্মমর্যাদা নির্ভরযোগ্য
iii. গাইড কথা, কাজ ও চিন্তায় নির্মল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓗ i, ii ও iii

৭৭. **চিহ্ন ব্যবহার করা হয়–** (অনুধাবন)
i. করমর্দনের সময় ii. প্রতিজ্ঞা পাঠের সময়
iii. সাধারণ পোশাকে স্কাউট/গাইডের পরিচয় দিতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓗ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৮ ও ৭৯ নং প্রশ্নের উত্তর দাও :**
কলিম একজন স্কাউট। সে জানে স্কাউটিং আইন সুনাগরিক হওয়ার ভিত্তি তৈরি করে। তাই সে স্কাউটিং আইন সবসময় মেনে চলার চেষ্টা করে।

৭৮. **কলিম কয়টি আইন মেনে চলে?** (প্রয়োগ)
ⓚ ৩ ⓚ ৫ ● ৭ ⓗ ১০

৭৯. **উক্ত আইন কলিমের জীবনে যেসব প্রভাব ফেলবে–** (উচ্চতর দৰতা)
i. তাকে মিতব্যয়ী করবে
ii. তাকে আত্মমর্যাদায় বিশ্বাসী করে তুলবে
iii. তাকে অন্যের ৰতি করতে উদ্বুদ্ধ করবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

## পাঠ-৩ : স্কাউটিং ও গার্ল গাইডের কর্মসূচি ও পোশাক
■ পৃষ্ঠা : ২০

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮০. **গার্ল গাইডে কয় দফা কর্মসূচি রয়েছে?** [গভ. ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা]
● আট ⓚ দশ ⓖ বারো ⓗ পনেরো

৮১. **গাইডরা কীভাবে নিজেদেরকে যুগোপযোগী করে গড়ে তোলে?** (অনুধাবন)
ⓚ স্কাউটিং প্রতিজ্ঞা গ্রহণ করে ● স্কাউটিং কর্মসূচি পালনের মাধ্যমে
ⓖ স্কাউটিং আইন মেনে চলে ⓗ স্কাউটিং নীতিমালা মেনে চলে

৮২. **গার্ল গাইডের কর্মসূচির প্রথম দফা কোনটি?** (জ্ঞান)
ⓚ পরস্পর জানা ⓚ নিজেকে জানা ● চরিত্র গঠন ⓗ প্রস্তুত থাকা

৮৩. **গাইডরা ক্যাম্পিং ও হাইকিংয়ের মাধ্যমে কী অর্জন করে?** (জ্ঞান)
ⓚ আত্মবিশ্বাস ● চারিত্রিক দৃঢ়তা
ⓖ শারীরিক উপযুক্ততা ⓗ শিৰকের সন্তুষ্টি

৮৪. **গার্ল গাইড কর্মসূচি কয়টি বিশেষ প্রতিজ্ঞার উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত?** (জ্ঞান)
ⓚ দুই ● তিন ⓖ চার ⓗ পাঁচ

৮৫. **গার্ল গাইড কর্মসূচি কয়টি নিয়মাবলির উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত?** (জ্ঞান)
ⓚ তিন ⓚ পাঁচ ⓖ সাত ● দশ

৮৬. **একজন গাইডকে সুনাগরিক হিসেবে গড়ে তোলার লৰ্যে কী প্রণীত হয়েছে?** (জ্ঞান)
ⓚ স্কাউটিং কর্মসূচি ● গার্ল গাইড কর্মসূচি
ⓖ স্কাউটিং নিয়মাবলি ⓗ স্কাউট ও গার্ল গাইড নীতি

৮৭. **কোন সংস্থাটি গার্ল গাইড কর্মসূচি বাস্তবায়নের উদ্দেশ্যে কাজ করে?** (জ্ঞান)
ⓚ বাংলাদেশ রোভার ⓚ বাংলাদেশ রেডক্রস সোসাইটি
ⓖ বাংলাদেশ গাইডস অ্যাসোসিয়েশন ● বাংলাদেশ গার্ল গাইড অ্যাসোসিয়েশন

৮৮. **স্কাউটদের টুপির রং কী?** (জ্ঞান)
ⓚ সাদা ⓚ নীল ⓖ কালো ● নেভি বস্নু

৮৯. **স্কাউট শার্ট কোন রঙের হয়?** (জ্ঞান)
ⓚ সাদা ⓚ সবুজ ● ছাই ⓗ বেগুনি

৯০. **স্কাউটদের প্যান্টের নিচের মুহরী কত হবে?** (জ্ঞান)
ⓚ ২০–২৫ সে.মি. ⓚ ৩০–৩৫ সে.মি.
ⓖ ৩৫–৪০ সে.মি. ● ৪০–৪৫ সে.মি.

৯১. **স্কাউটদের গ্রুপ পরিচিতি কোন আকৃতির হয়?** (জ্ঞান)
ⓚ লম্বাকৃতি ⓚ গোলাকৃতি ● ডিম্বাকৃতি ⓗ চৌকোণাকৃতি

৯২. **স্কাউটের কত মিটার লম্বা দড়ি পরতে হয়?** [চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ ২ ⓚ ২.৫০ ●২.৭৫ ⓗ ৩

৯৩. **স্কাউটদের পোশাকের নামফলক কী ধরনের হয়?** (অনুধাবন)
ⓚ নিজ ইউনিটে থানা স্কাউট কর্তৃক অনুমোদিত নামফলক
ⓚ এক সেন্টিমিটার গাঢ় নীল কাপড়ের উপরে রেজিস্ট্রেশন নম্বর
ⓖ গাঢ় নীল রঙের পটভূমিতে নীল রঙের রেজিস্ট্রেশন নম্বর
● হালকা নীল রঙের পটভূমিতে গাঢ় নীল রঙের রেজিস্ট্রেশন নম্বর

৯৪. **কিসের ওপর জাতীয় পতাকার রেপলিকা পরতে হয়?** (জ্ঞান)
ⓚ বেল্ট ⓚ টুপি ⓖ স্কার্ফ ● নামফলক

৯৫. **স্কাউটদের পোশাকের অংশ কয়টি?** [বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ ৪ ⓚ ৫ ⓖ ১০ ● ১১

৯৬. **গার্ল গাইডদের কামিজ কী রঙের হয়?** (জ্ঞান)
● সাদা ⓚ আকাশি ⓖ গাঢ় নীল ⓗ হলুদ

৯৭. **গার্ল গাইডের পোশাক হিসেবে রাজিয়া কী রঙের ওড়না পরবে?** (প্রয়োগ)
ⓚ সাদা ⓚ নীল ⓖ ছাই ● বতল গ্রিন

৯৮. **স্কাউট ও গার্ল গাইডদের পোশাক–** (অনুধাবন)
● সবসময় পরিষ্কার–পরিচ্ছন্ন রাখতে হয়
ⓚ সবসময় এক রং ও এক মাপের রাখতে হয়
ⓖ সবসময় দামি ও ঝলমলে কাপড়ের হয়
ⓗ সবসময় দলের নেতার কাছে রাখতে হয়

৯৯. **স্কাউট পোশাকের অবিচ্ছেদ্য অংশ কোনটি?** (জ্ঞান )
ⓚ টুপি ⓚ নামফলক
● স্কাউট স্কার্ফ ⓗ জাতীয় পতাকার রেপলিকা

১০০. **স্কাউটদের স্কার্ফ কী আকৃতির কাপড়ের তৈরি?** (জ্ঞান)
ⓚ সমবাহু ত্রিকোণাকৃতি ● সমদ্বিবাহু ত্রিকোণাকৃতি
ⓖ বিষমবাহু ত্রিকোণাকৃতি ⓗ সমবাহু চতুর্ভুজ আকৃতি

১০১. **স্কার্ফের বাহুর মাপ কত সেন্টিমিটার হয়?** [গভ. ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা]
ⓚ ৫০ ⓚ ৬৫ ● ৭৫ ⓗ ৮০

১০২. **প্রাথমিক প্রতিবিধানে ব্যান্ডেজের কাজে রাহাত তার স্কাউট পোশাকে কোন অংশ ব্যবহার করতে পারবে?** (প্রয়োগ)
ⓚ শার্ট ⓚ বেল্ট ● স্কার্ফ ⓗ টাই

১০৩. **স্কাউট স্কার্ফকে ব্যবহার করা যাবে না–** (অনুধাবন)
ⓚ প্রাথমিক প্রতিবিধানে ব্যান্ডেজের কাজে
ⓚ রোদ/ বৃষ্টিতে মাথার টুপি হিসেবে
● কলারের নিচে টাই আকৃতিতে
ⓗ বিপদ সংকেত দেখাতে নিশানা হিসেবে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১০৪. **গাইডরা আট দফা কর্মসূচি পালনের মাধ্যমে–** (অনুধাবন)
i. গাইডিং উপভোগ করে
ii. নিজেদের দেশের উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে তোলে

iii. সর্বৰেত্রে নিজেদের যুগোপযোগী করে গড়ে তোলা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

**১০৫. গাইডদের আট দফা কর্মসূচির মধ্যে রয়েছে–** (অনুধাবন)
i. চরিত্র গঠন　ii. নিজেকে জানা　iii. গৃহকর্মে নিপুণতা অর্জন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

**১০৬. গার্ল গাইড কর্মসূচি গাইডদের মধ্যে জাগিয়ে তোলে–** (অনুধাবন)
i. স্রষ্টার প্রতি ভক্তি　ii. সুমাতা হওয়ার মনোবৃত্তি
iii. পরিবারের মঙ্গলার্থে নিজের স্বার্থত্যাগের মনোবৃত্তি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**১০৭. গাইডিং কর্মসূচি–** (অনুধাবন)
i. শ্রমসাধ্য　ii. স্বাস্থ্যসম্মত　iii. আনন্দদায়ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　● ii ও iii　ঘ i, ii ও iii

**১০৮. গার্ল গাইড কর্মসূচি বাস্তবায়নে গাইডদের দেয়া হয়–** (অনুধাবন)
i. তাত্ত্বিক শিৰা　ii. প্রাথমিক শিৰা　iii. ব্যবহারিক শিৰা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　● i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**১০৯. গার্ল গাইড কর্মসূচি প্রণীত হয়েছে একজন গাইডকে–** (অনুধাবন)
i. সুকন্যা হিসেবে গড়ে তোলার লৰ্যে
ii. সুগৃহিণী হিসেবে গড়ে তোলার লৰ্যে
iii. সুনাগরিক হিসেবে গড়ে তোলার লৰ্যে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

**১১০. স্কাউটদের পোশাকের সঠিক রং হলো–** (অনুধাবন)
i. টুপি কালো রঙের　ii. শার্ট ছাই রঙের
iii. বেল্ট নেভি বৱু রঙের
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　● ii ও iii　ঘ i, ii ও iii

**১১১. শামীমার গার্ল গাইড পোশাকের কামিজ–** (প্রয়োগ)
i. সাদা রঙের　ii. হাঁটু পর্যন্ত লম্বা　iii. ত্রিকোণা ঢাকনাসহ দুই পকেটযুক্ত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

**১১২. স্কাউট ও গার্ল গাইড পোশাক–** (অনুধাবন)
i. ভাঁজ করা যাবে না　ii. সবসময় যত্নে রাখতে হবে
iii. সবসময় পরিষ্কার–পরিচ্ছন্ন রাখতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　● ii ও iii　ঘ i, ii ও iii

**১১৩. স্কাউট স্কার্ফ–** (অনুধাবন)
i. সমদ্বিবাহু ত্রিকোণাকৃতি কাপড়ের তৈরি
ii. স্কাউট পোশাকের অবিচ্ছেদ্য অংশ　iii. স্কুল ইউনিফর্মের সাথে পরা যাবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**১১৪. স্কাউট স্কার্ফ স্কাউট পোশাকের অবিচ্ছেদ্য অংশ। এই স্কার্ফ পরিধানে স্কাউটদের জন্য লৰণীয় হলো–** (উচ্চতর দৰতা)
i. স্কার্ফ ঘাড়ের সাথে মিলিয়ে পরতে হবে
ii. স্কার্ফ থানা স্কাউটস কর্তৃক অনুমোদিত হবে
iii. স্কার্ফ কলারের নিচে টাই আকৃতিতে ব্যবহার করা যাবে না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

**১১৫. স্কাউট স্কার্ফের উপকারিতা–** (অনুধাবন)
i. প্রাথমিক প্রতিবিধানে ব্যান্ডেজের কাজে ব্যবহার করা যায়
ii. রোদ/বৃষ্টিতে মাথা ঢাকার কাজে ব্যবহার করা যায়
iii. বিপদে পড়লে সংকেত দেখাতে নিশানা হিসেবে ব্যবহার করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৬ ও ১১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মিরন আজ তাদের স্কুলের স্কাউট দলে যোগ দিয়েছে। তাকে সঠিক নিয়মে স্কাউট পোশাক পরতে সাহায্য করার জন্য একজন পুরাতন স্কাউট সদস্য তাকে স্কার্ফ পরার নিয়ম, স্কার্ফের ব্যবহারবিধি এবং স্কার্ফের উপকারিতা বুঝিয়ে বলল।

**১১৬. মিরন কোন আকৃতির স্কার্ফ পরবে?** (প্রয়োগ)
ক সমবাহু ত্রিভুজাকৃতি　খ সমদ্বিবাহু ত্রিভুজাকৃতি
গ সমবাহু ত্রিকোণাকৃতি　● সমদ্বিবাহু ত্রিকোণাকৃতি

**১১৭. মিরনের সাহায্যকারীর মতে স্কার্ফের উপকারিতা কী?** (উচ্চতর দৰতা)
ক পোশাকের সৌন্দর্য বাড়ায়
খ স্কাউট প্রতীক হিসেবে ব্যবহৃত হয়
গ শীতবস্ত্র হিসেবে ব্যবহার করা যায়
● বিপদে নিশানা হিসেবে ব্যবহার করা যায়

# পাঠ-৪ : দড়ির প্রাথমিক ৬টি গেরো ■ পৃষ্ঠা-২৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১১৮. সদস্য ব্যাজের জন্য দড়ির কয়টি গেরো সম্পর্কে জানা প্রয়োজন?** (জ্ঞান)
ক ৩　খ ৫　● ৬　ঘ ৮

**১১৯. স্কাউট সদস্যদের প্রাথমিক গেরো শেখাতে সাধারণত কোন দড়ি ব্যবহার করা হয়?** (উচ্চতর দৰতা)
ক স্টিল　খ তামা
গ নারকেলের ছোবড়া　● পাট বা শনের পাকানো

**১২০. Reef knot কী?** (জ্ঞান)
ক বড়শি গেরো　● ডাক্তারি গেরো　গ পাল গেরো　ঘ জীবনরৰা গেরো

**১২১. প্যাকেট বা ব্যান্ডেজ বাঁধতে কোন গেরো ব্যবহার করা হয়?** (জ্ঞান)
● ডাক্তারি　খ বড়শি　গ পাল　ঘ জীবনরৰা

**১২২. জাবেদ কোন কাজে বড়শি গেরো ব্যবহার করতে পারবে?** (প্রয়োগ)
ক প্যাকেট বাঁধতে　খ ব্যান্ডেজ বাঁধতে
গ নৌকার পাল বাঁধতে　● সুতার মাথায় বড়শি বাঁধতে

**১২৩. বড়শি গেরোকে ইংরেজিতে কী বলে?** (জ্ঞান)
ক Reef Knot　● Clove Hitch
গ Sheet Band　ঘ Bow line

**১২৪. পানিতে ডুবন্ত ব্যক্তিকে উদ্ধার করতে কোন গেরো ব্যবহার করা হয়?** (জ্ঞান)
ক ডাক্তারি　খ গুঁড়িটানা　গ বড়শি　● জীবনরৰা

**১২৫. কোনো ভারী বোঝা টেনে আনার ৰেত্রে রিয়াজ কোন গেরো ব্যবহার করবে?** (প্রয়োগ)
ক বড়শি　খ পাল　● গুঁড়িটানা　ঘ জীবনরৰা

**১২৬. তাঁবু গেরো বাঁধতে দড়িতে কয়বার প্যাঁচ দিতে হয়?** (জ্ঞান)
● দুই　খ তিন　গ চার　ঘ পাঁচ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২৭. দড়ি তৈরি করা হয়–** (অনুধাবন)
i. শন দিয়ে　ii. লোহা দিয়ে　iii. নারকেলের ছোবড়া দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

**১২৮. ডাক্তারি গেরো ব্যবহার করা হয়–** (অনুধাবন)
i. প্যাকেট বাঁধতে　ii. ব্যান্ডেজ বাঁধতে
iii. নৌকার পাল বাঁধতে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**১২৯. সুজন পাল গেরো দিয়ে বাঁধতে পারবে–** (প্রয়োগ)
i. নৌকার পাল　ii. মোটা দড়ির সাথে দড়ি
iii. পতাকার রশির সাথে পতাকা দণ্ডের রশি

নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৩০. স্কাউট সদস্যদের সদস্য ব্যাজ পেতে দড়ির প্রাথমিক ছয়টি গেরো সম্পর্কে জানতে হয়। এসব গেরোর সঠিক ব্যবহার হলো–** (উচ্চতর দৰতা)
i. পতাকা বাঁধতে পাল গেরো ii. প্যাকেট বাঁধতে ডাক্তারি গেরো
iii. ভারী বোঝা টানতে গুঁড়িটানা গেরো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩১ ও ১৩২ নং প্রশ্নের উত্তর দাও :**
শাহেদ একজন স্কাউট সদস্য। সদস্য ব্যাজ পাওয়ার জন্য তাকে দড়ির ছয়টি প্রাথমিক গেরো সম্পর্কে জানতে ও ব্যবহার করতে শিখতে হবে। আজ সে ডাক্তারি গেরো বাঁধতে শিখছে।

**১৩১. সদস্য ব্যাজ পেতে শাহেদকে আর কয়টি গেরো বাঁধা শিখতে হবে?** (প্রয়োগ)
ক ৩ খ ৪ ● ৫ ঘ ৬

**১৩২. শাহেদের শেখা গেরোটির উপযুক্ত ব্যবহার ৰেত্রগুলো হলো–** (উচ্চতর দৰতা)
i. প্যাকেট বাঁধা ii. ব্যান্ডেজ বাঁধা
iii. ডুবন্ত ব্যক্তিকে টেনে তোলা
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

# পাঠ-৫ : প্রাথমিক চিকিৎসা ■ পৃষ্ঠা : ২৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩৩. প্রাথমিক চিকিৎসার স্রষ্টা কে?** [বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]
● ড. ফ্রেডিক এজমার্ক খ ফেরিক
গ রবার্ট ক্লার্ক ঘ রবার্ট স্মিথ

**১৩৪. ড. ফ্রেডিক এজমার্ক পেশায় কী ছিলেন?** (জ্ঞান)
ক সৈনিক খ খেলোয়াড়
● শল্য চিকিৎসক ঘ হোমিওপ্যাথিক ডাক্তার

**১৩৫. প্রাথমিক চিকিৎসা জানা থাকলে কী হয়?** (অনুধাবন)
ক ডাক্তার হওয়া যায় খ খ্যাতি অর্জন করা যায়
গ রোগীকে চিকিৎসা দেওয়া যায় ● রোগীকে প্রাথমিকভাবে সাহায্য করা যায়

**১৩৬. First Aid অর্থ কী?** [চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক প্রাথমিক চিকিৎসা খ শল্য চিকিৎসা
গ প্রাথমিক উপকরণ ● প্রথম সাহায্য

**১৩৭. প্রাথমিক চিকিৎসা হলো কোনো আহত ব্যক্তিকে–** (অনুধাবন)
● সবার আগে যে সাহায্য করা হয় খ জীবাণুমুক্ত রাখার প্রাথমিক ব্যবস্থা
গ সুস্থ করে তোলার চূড়ান্ত ব্যবস্থা ঘ শল্যচিকিৎসা দেওয়া

**১৩৮. দৈব দুর্ঘটনায় আহত ব্যক্তিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া প্রয়োজন। কারণ এতে আহত ব্যক্তির–** (উচ্চতর দৰতা)
ক অবস্থা দ্রুত উন্নত হয় খ পরবর্তী চিকিৎসা কার্যকর হয়
● ৰতির পরিমাণ অনেকটা কমানো যায় চিকিৎসা খরচ অনেকটা কমানো যায়

**১৩৯. প্রাথমিক চিকিৎসাকারীর প্রধান কাজ কয়টি?** (জ্ঞান)
ক ২ ● ৩ গ ৪ ঘ ৫

**১৪০. একজন প্রাথমিক প্রতিবিধানকারী হিসেবে রাহেলা প্রথম কোন কাজটি করবে?** (প্রয়োগ)
ক রোগ সৃষ্টি ● রোগ নির্ণয় গ চিকিৎসা ঘ হস্তান্তর

**১৪১. প্রাথমিক চিকিৎসার উপকরণ কোনটি?** [বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]
ক পানি খ বেল্ট গ কাপড় ● লিন্ট

**১৪২. ৰতস্থানকে জীবাণুমুক্ত রাখার জন্য যে ব্যবস্থা নেওয়া হয় তাকে কী বলে?** (জ্ঞান)
ক লিন্ট ● ড্রেসিং গ স্প্লিন্ট ঘ ব্যান্ডেজ

**১৪৩. লিন্ট কী?** (জ্ঞান)
ক আরামদায়ক খ হাড় সোজা রাখার চটি
● জীবাণুমুক্ত/ওষুধযুক্ত কাপড় ঘ ৰতস্থান জীবাণুমুক্ত রাখার ব্যবস্থা

**১৪৪. স্প্লিন্ট কেন ব্যবহার করা হয়?** (অনুধাবন)
ক ৰতস্থানকে জীবাণুমুক্ত রাখতে খ ৰতস্থানকে আরাম দিতে
● ভাঙা হাড়কে সোজা রাখতে ঘ প্যাডকে যথাস্থানে রাখতে

**১৪৫. ব্যান্ডেজ কয় প্রকার?** (জ্ঞান)
● দুই খ তিন গ চার ঘ পাঁচ

**১৪৬. লীনার ছোট বোন বঁটি দিয়ে হাত কেটে ফেলেছে। তাকে প্রাথমিক চিকিৎসা দিতে লীনা প্রথম কোন কাজটি করবে?** (প্রয়োগ)
ক সাবান দিয়ে নিজের হাত পরিষ্কার করবে
● কোথায় কতটুকু কেটেছে তা চিহ্নিত করবে
গ ৰতের চারপাশ জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করবে
ঘ ৰতস্থানের জমাট বাঁধা রক্ত সরানোর চেষ্টা করবে

**১৪৭. দুর্ঘটনাবশত শ্যামার বাড়িতে কারো শরীরের কোনো অংশ পুড়ে গেলে সে কী করবে?** (প্রয়োগ)
ক পোড়া জায়গায় গরম পানি ঢালবে
খ আহত স্থানে ভালোভাবে ম্যাসেজ করবে
গ আহত স্থান জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করবে
● পোড়া জায়গায় ডিমের সাদা অংশ মাখিয়ে দিবে

**১৪৮. জীবজন্তুর কামড়ে শরীরের কোনো অংশ–** (অনুধাবন)
ক কেটে যেতে পারে খ পুড়ে যেতে পারে
● ছড়ে যেতে পারে ঘ পচে যেতে পারে

**১৪৯. ভোঁতা জিনিসের আঘাতে শরীরের কোনো অংশ ছড়ে গেলে সেখানে ঠান্ডা পানি বা বরফ দেয়া হয় কেন?** (অনুধাবন)
ক ৰতস্থানের রক্তপড়া বন্ধ করতে ● আহত স্থানের ব্যথা কমাতে
গ ৰতস্থানের জমাট বাঁধা রক্ত সরাতে ঘ ৰতস্থান পরিষ্কার করতে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৫০. প্রাথমিক চিকিৎসা–** (অনুধাবন)
i. চিকিৎসাশাস্ত্রের একটি অংশ
ii. দৈব দুর্ঘটনায় আহত ব্যক্তিকে দেওয়া হয়
iii. রোগীকে প্রাথমিকভাবে সাহায্য করার জন্য দেয়া হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৫১. প্রাথমিক চিকিৎসার স্রষ্টা–** (অনুধাবন)
i. ড. ফ্রেডিক এজমার্ক ii. একজন জার্মান শল্যচিকিৎসক
iii. প্রথম First Aid শব্দটি ব্যবহার করেন
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫২. আমেনা বেগম একজন প্রাথমিক প্রতিবিধানকারী। তার প্রধান কাজগুলো হলো–** (প্রয়োগ)
i. রোগ নির্ণয় ii. চিকিৎসা iii. হস্তান্তর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৫৩. রোগ নির্ণয় করা সম্ভব–** (অনুধাবন)
i. রোগের চিহ্ন দেখে ii. রোগের লৰণ দেখে
iii. রোগের ইতিহাস জেনে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৫৪. প্রাথমিক চিকিৎসার উপকরণ হিসেবে সোহেলী ব্যবহার করতে পারবে–** (প্রয়োগ)
i. লিন্ট ii. ব্যান্ডেজ iii. ইনজেকশন
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫৫. ব্যান্ডেজ ব্যবহার করা হয়–** (অনুধাবন)
i. হাড় সোজা রাখার জন্য ii. লিন্ট যথাস্থানে রাখার জন্য
iii. স্প্লিন্ট যথাস্থানে রাখার জন্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**১৫৬. দুর্ঘটনাবশত আবিদের হাত কেটে যেতে পারে–** (প্রয়োগ)
i. বঁটি দিয়ে ii. কাঁচি দিয়ে iii. হাতুড়ি দিয়ে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**১৫৭. ছুরি, কাঁচি, বেৱড প্রভৃতি দিয়ে দুর্ঘটনাবশত কারো হাত–পা কেটে গেলে তাকে প্রাথমিক চিকিৎসা দিতে হয়। এৰেত্রে প্রাথমিক প্রতিবিধানকারীর যা করণীয়–** (উচ্চতর দৰতা)

i. সাবান দিয়ে নিজের হাত পরিষ্কার করা

ii. ৰতস্থানে ডিমের সাদা অংশ মাখিয়ে দেওয়া

iii. ৰতস্থানের চারপাশে জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**১৫৮. শরীরের কোনো অংশ পুড়ে যেতে পারে–** (অনুধাবন)

i. আগুনে ii. গরম পানিতে iii. গরম তরল পদার্থে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৫৯. দুর্ঘটনাবশত শরীরের কোনো অংশ পুড়ে গেলে পোড়া জায়গায়–** (অনুধাবন)

i. ঠান্ডা পানি ঢালতে হয়

ii. গজ/তুলা চেপে ধরতে হয়

iii. ডিমের সাদা অংশ মাখিয়ে দিতে হয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**১৬০. শরীরের কোনো অংশ ছড়ে যেতে পারে–** (অনুধাবন)

i. জীবজন্তুর কামড়ে ii. ভোঁতা জিনিসের আঘাতে

iii. গরম তরল পদার্থ থেকে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**১৬১. ছড়ে যাওয়ার প্রাথমিক চিকিৎসা হলো–** (অনুধাবন)

i. আহত স্থানে বরফ দিয়ে ব্যথা কমাতে হবে

ii. আহত স্থানে ভালো করে ম্যাসেজ করতে হবে

iii. প্রয়োজনে চিকিৎসকের শরণাপন্ন হতে হবে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬২ ও ১৬৩ নং প্রশ্নের উত্তর দাও :**

গার্ল গাইডে যোগ দেয়ার পর মিতু প্রাথমিক চিকিৎসার প্রশিৰণ নিয়েছে। এখন সে যে কোনো দৈব ঘটনায় আহত ব্যক্তিকে প্রাথমিক চিকিৎসা দিতে পারে।

**১৬২. অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী মিতু একজন–** (উচ্চতর দৰতা)

i. গাইড ii. চিকিৎসক

iii. প্রাথমিক প্রতিবিধানকারী

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**১৬৩. মিতুকে তার কাজ সম্পাদনে কোন বিষয়ের প্রতি বিশেষভাবে লৰ রাখতে হয়?** (প্রয়োগ)

ⓚ রোগী যাতে দ্রবত সুস্থ হয়ে ওঠে

● রোগীর অবস্থার যাতে অবনতি না ঘটে

ⓖ রোগীর যাতে শ্বাস নিতে কষ্ট না হয়

ⓓ রোগীকে যাতে ডাক্তারের শরণাপন্ন হতে না হয়



## অতিরিক্ত সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর



**প্রশ্ন ॥ ১ ॥ স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচি বাস্তবায়নে সবার সচেষ্ট হওয়া প্রয়োজন কেন?**

**উত্তর :** স্কাউটিং ও গার্ল গাইড বিশ্বব্যাপী একটি সমাজসেবামূলক যুব আন্দোলন। ব্রিটিশ সেনাবাহিনীর তৎকালীন লেফটেন্যান্ট জেনারেল রবার্ট স্টিফেনসন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল ১৯০৭ সালে শিৰাপ্রতিষ্ঠানে স্কাউটিং এবং ১৯১০ সালে গার্ল গাইড ধারণা প্রবর্তন করেন। বর্তমানে পৃথিবীর প্রায় সব দেশেই এর কার্যক্রম চালু আছে। সুস্বাস্থ্য অর্জন, চরিত্র গঠন ও মানসিক গুণাবলির বিকাশ সাধনের মাধ্যমে বালক–বালিকাদের গড়ে তোলার লৰ্যে স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলন সৃষ্টি হয়। দুস্থ মানবতার সেবা, নৈতিক মূল্যবোধের উন্নয়ন, সুসমন্বিত শারীরিক ও মানসিক বিকাশ, ধর্মীয় সহনশীলতা প্রভৃতি গুণাবলি অর্জনের সহায়ক শক্তি হিসেবে স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলন বিশ্বব্যাপী প্রশংসনীয় ভূমিকা রেখে চলেছে। তাই দেশ ও জাতির কল্যাণে স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচি বাস্তবায়নে আমাদের সবার সচেষ্ট হওয়া প্রয়োজন।

**প্রশ্ন ॥ ২ ॥ স্কাউটিং ও গার্ল গাইডের ধারণা ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।**

**উত্তর :** স্কাউটিং ও গার্ল গাইড একটি অরাজনৈতিক সেবামূলক সংগঠন। বিশ্বব্যাপী এর পরিচিতি রয়েছে। বালকদের স্কাউট এবং বালিকাদের গাইড বলা হয়। রবার্ট স্টিফেনসন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল স্কাউটিং ও গাইড আন্দোলনের প্রতিষ্ঠাতা। তিনি জাতিতে ইংরেজ ও পেশায় একজন সৈনিক ছিলেন। ১৮৫৭ সালের ২২শে ফেব্রবয়ারি তারিখে তিনি ইংল্যান্ডে জন্মগ্রহণ করেন। স্কাউটিং ও গাইড পদ্ধতিতে বালক–বালিকাদের নৈতিক চরিত্র গঠনে এর কার্যকর ভূমিকায় উদ্বুদ্ধ হয়ে বিশ্বের বিভিন্ন দেশে স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলন ছড়িয়ে পড়ে। গাইড আন্দোলনের জন্য তিনি তার বোন এগনেস ব্যাডেন পাওয়েল ও তার স্ত্রী অলিভ ব্যাডেন পাওয়েলকে দায়িত্ব প্রদান করেন। তাঁরা গাইড আন্দোলনকে সাফল্যজনকভাবে পরিচালিত করে সর্বত্র এর প্রসার ঘটান। বাংলাদেশে স্কাউটিং ও গার্ল গাইড কর্মসূচি চালু হয় বাংলাদেশের স্বাধীনতা লাভের পরপর ১৯৭২ সালে। এসব কর্মসূচির সফল বাস্তবায়নের ফলে দেশের বালক–বালিকাদের মধ্যে মানবিক মূল্যবোধের উন্মেষ ও উন্নয়ন ঘটানো এবং তাদেরকে সমাজ–সচেতন দৃষ্টিভঙ্গির অধিকারী হিসেবে গড়ে উঠতে সাহায্য করছে।

**প্রশ্ন ॥ ৩ ॥ স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলনের সেৱাগান কী? এই সেৱাগান বাস্তবায়নে স্কাউট ও গাইডরা কী কী কাজ করতে পারে?**

**উত্তর :** স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলনের সেৱাগান হচ্ছে– 'প্রতিদিন কারও না কারও উপকার করা। স্কাউটিং ও গার্ল গাইডের নীতির ওপর ভিত্তি করে এই সেৱাগান প্রচার করা হয়। স্কাউট ও গাইডরা প্রতিদিন বিভিন্ন ভালো কাজ করার মাধ্যমে এই সেৱাগানটি বাস্তবায়ন করার চেষ্টা করে।

স্কাউটিং ও গার্ল গাইড আন্দোলনের সেৱাগান বাস্তবায়নে স্কাউট ও গাইডরা যেসব কাজ করতে পারে তা নিচে বর্ণনা করা হলো :

১। রাস্তা থেকে ইট, পাথর, কাঁটা, কলার খোসা তুলে ফেলা।

২। কারো জিনিস পড়ে গেলে তা তুলে দেয়া।

৩। অন্ধ ও শিশুকে রাস্তা পার হতে সাহায্য করা।

৪। রাস্তার কোনো ছোট গর্ত ভরাট করে দিয়ে লোক চলাচলে সাহায্য করা।

৫। আহত ব্যক্তিকে দ্রবত চিকিৎসাসেবা দেয়ার জন্য হাসপাতালে নেয়া।

৬। বন্যায় ত্রাণকাজে সহায়তা করা ইত্যাদি।

**প্রশ্ন ॥ ৪ ॥ স্কাউট আন্দোলনের মূলনীতি এবং স্কাউটিং আইন ব্যাখ্যা কর।**

**উত্তর : স্কাউট আন্দোলনের মূলনীতি :** স্কাউট আন্দোলন তিনটি মূলনীতির ওপর প্রতিষ্ঠিত। এগুলো হলো :

১. স্রষ্টার প্রতি কর্তব্য পালন।

২. অপরের প্রতি কর্তব্য পালন।

৩. নিজের প্রতি কর্তব্য পালন।

**স্কাউটিং আইন :** স্কাউটিং আইন সুনাগরিক হওয়ার ভিত্তি তৈরি করে। স্কাউটিং আইনের অনুসরণে একটি বিস্তারিত নীতিমালা রয়েছে যা একজন স্কাউটকে অবশ্যই মেনে চলতে হয়। স্কাউটিংয়ের সাতটি

আইনের প্রতিটির আলাদা তাৎপর্য রয়েছে। নিচে স্কাউটিং আইন বর্ণনা করা হলো :

১. স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী। স্কাউট কখনই তার আত্মমর্যাদা ভঙ্গ করে না।
২. স্কাউট সকলের বন্ধু। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে স্কাউট সকলকে বন্ধু হিসেবে গ্রহণ করে।
৩. স্কাউট বিনয়ী ও অনুগত। সুখে–দুঃখে, আপদে–বিপদে সর্বদাই স্কাউটরা একে অপরকে সাহায্য ও বিনয় প্রদর্শন করে।
৪. স্কাউট জীবের প্রতি সদয়। একজন স্কাউট সাধ্যমতো প্রাণীদের কষ্ট লাঘব ও যন্ত্রণা হতে রৰা করবে।
৫. স্কাউট সদা প্রফুলর। স্কাউট সকল কাজকর্ম হাসিমুখে করে থাকে।
৬. স্কাউট মিতব্যয়ী। একজন স্কাউট কখনই অপচয় করে না। সে মিতব্যয়িতার সাথে জীবন পরিচালনার অভ্যাস গড়ে তোলে।
৭. স্কাউট চিন্তায়, কথায় ও কাজে নির্মল। স্কাউটরা এমন কোনো কাজ করে না যা, অন্যের ৰতির কারণ হয়ে দাঁড়ায়।

**প্রশ্ন ॥ ৫ ॥ গার্ল গাইডের প্রতিজ্ঞা ও মূলমন্ত্র ব্যাখ্যা কর।**

**উত্তর :** গার্ল গাইডের প্রতিজ্ঞা : আমি আমার আত্মসম্মানের উপর নির্ভর করিয়া প্রতিজ্ঞা করতেছি যে,

১. আমি যথাসাধ্য স্রষ্টা ও দেশের প্রতি আমার কর্তব্য পালন করিব।
২. সর্বদা পরের উপকার করিব।
৩. গাইডের নিয়মাবলি মানিয়া চলিব।

**গাল গাইডের মূলমন্ত্র :** গার্ল গাইডদের মূলমন্ত্র হলো 'সদা প্রস্তুত'। প্রত্যেক গার্লগাইড অপরের সেবার জন্য বা যে কোনো ভালো কাজ করার জন্য সব সময় প্রস্তুত থাকে। 'সদা প্রস্তুত' এর অর্থ হলো যে কোনো প্রয়োজনে অন্যকে সাহায্য করার জন্য সদা প্রস্তুত থাকা। এর ইংরেজি হলো 'Be Prepared'।

**প্রশ্ন ॥ ৬ ॥ গার্ল গাইডের নিয়মগুলো বর্ণনা কর।**

**উত্তর :** গার্ল গাইডের জন্য ১০টি নিয়ম রয়েছে। নিয়মগুলো হচ্ছে–

১. গাইডের আত্মমর্যাদা নির্ভরযোগ্য।
২. গাইড বিশ্বস্ত।
৩. গাইডের কর্তব্য নিজে কর্মক্ষম হওয়া ও অপরকে কর্মক্ষম করে তোলা।
৪. গাইড সকলের বন্ধু এবং গাইড মাত্রই অন্য গাইডের ভগ্নী।
৫. গাইড মাত্রই বিনয়ী।
৬. গাইড জীবের বন্ধু।
৭. গাইড হাসিমুখে প্রতিকূল অবস্থা মোকাবিলা করে।
৮. গাইড আদেশ পালন করে।
৯. গাইড মিতব্যয়ী।
১০. গাইড কথা, কাজ ও চিন্তায় সর্বদাই নির্মল।

**প্রশ্ন ॥ ৭ ॥ চিহ্ন কাকে বলে? চিহ্নের ব্যবহার ও তাৎপর্য লেখ।**

**উত্তর : চিহ্ন :** ডান হাতের বুড়ো আঙুল দিয়ে কনিষ্ঠ আঙুল চেপে ধরে তালুর ওপর এনে মাঝখানের তিনটি আঙুলকে সোজা করে ধরতে হবে। তালু সামনের দিকে রেখে কনুই ভাঁজ করে হাত ওপরে ওঠাতে হবে। হাত এমনভাবে রাখতে হবে যেন তালু প্রায় চোখ বরাবর থাকে। এ অবস্থাকে চিহ্ন বলে।

**চিহ্নের ব্যবহার :**

ক) প্রতিজ্ঞা পাঠের সময় চিহ্ন দেখাতে হয়।
খ) সাধারণ পোশাকে একজন গাইড/স্কাউটের সাথে অপর একজন গাইড/স্কাউটের পরিচিত হওয়ার জন্য এ চিহ্ন ব্যবহার করা হয়। এ চিহ্ন দেখলেই বোঝা যাবে যে সে একজন স্কাউট বা গার্ল গাইড।

**চিহ্নের তাৎপর্য :** চিহ্নের একটা বিশেষ তাৎপর্য রয়েছে। ডান হাতের কব্জি থেকে হাতের অগ্রভাগ পর্যন্ত অংশকে সোনালি বন্ধন বা Golden tie বলে। হাতের মাঝের তিনটি আঙুল দ্বারা প্রতিজ্ঞার তিনটি অংশকে বোঝায়। বুড়ো আঙুল ও কনিষ্ঠ আঙুলের বন্ধনের ফলে সৃষ্টি বৃত্ত ভ্রাতৃত্ব বন্ধনকে বোঝায়।

**প্রশ্ন ॥ ৮ ॥ স্কাউট ও গার্ল গাইডদের সালাম দেওয়ার ও করমর্দন করার পদ্ধতি ব্যাখ্যা কর।**

**উত্তর : স্কাউট ও গার্ল গাইডদের সালাম দেওয়ার পদ্ধতি :** স্কাউট ও গার্ল গাইডরা তিন আঙুলে সালাম দেয়। ডান হাতের কনিষ্ঠ আঙুল ভাঁজ করে হাতের তালুর ওপর নিয়ে বুড়ো আঙুল দিয়ে চেপে ধরতে হবে এবং বাকি তিনটি আঙুল একত্র করে সোজা অবস্থায় তর্জনী আঙুলের মাথা ডান চোখের ওপরে কপালের ভ্রূবও এক কোণ স্পর্শ করবে। হাতের তালু সামনের দিকে এবং বাহু শরীরের সাথে ৯০ কোণ করে ধরতে হবে। এটি হচ্ছে স্কাউট ও গার্ল গাইডদের সালাম দেয়ার পদ্ধতি বা নিয়ম।

**স্কাউট ও গার্ল গাইডদের করমর্দন করার পদ্ধতি :** আগে বাংলাদেশের স্কাউট ও গার্ল গাইডদের বাম হাতে করমর্দন করার প্রচলন ছিল। পরবর্তী সময়ে দেশের ঐতিহ্যের সাথে সংগতি রেখে ডান হাতে করমর্দন করার প্রথা চালু হয়েছে। এই প্রথা অনুযায়ী বাংলাদেশের স্কাউট ডান হাতে করমর্দন না হ্যান্ডশেক করে। বিশ্বের অনেক দেশে এখনও বাম হাতে করমর্দন করে।

**প্রশ্ন ॥ ৯ ॥ গার্ল গাইড কর্মসূচির প্রয়োজনীয়তা লেখ।**

**উত্তর :** গার্ল গাইডদের আট দফা কর্মসূচি রয়েছে। এসব কর্মসূচির মাধ্যমে গাইডরা নিজেদেরকে দেশের উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে তোলে। এগুলো সুমাতা, সুনাগরিক, স্রষ্টার প্রতি ভক্তি এবং অপরের মঙ্গলার্থে নিজের স্বার্থত্যাগের মনোবৃত্তি জাগিয়ে তোলে। স্বাস্থ্যসম্মত ও আনন্দদায়ক কাজকর্মের মাধ্যমে গাইডিং মানসিক গুণাবলির বিকাশ ও চিন্তাশক্তির উৎকর্ষ সাধন করে। গাইডরা বিভিন্ন কর্মসূচি পালন করে। এই কর্মসূচি স্বাস্থ্য উন্নয়নে, সমাজসেবায় এবং হস্তশিল্পে নৈপুণ্য অর্জনের জন্য পালিত হয়। এগুলো বাস্তবায়নের জন্য গাইডদের তাত্ত্বিক ও ব্যবহারিক শিৰা দেয়া হয়। গাইডরা ক্যাম্পিং ও হাইকিংয়ের মাধ্যমে চারিত্রিক দৃঢ়তা অর্জন করে এবং যে কোনো পরিবেশে নিজেকে মানিয়ে নিতে পারে। গার্ল গাইডরা সমাজসেবামূলক কাজকর্মের দ্বারা দেশের দুর্যোগ যেমন– বন্যা, ঘূর্ণিঝড় প্রভৃতি জরবরি ভিত্তিতে মোকাবিলা করতে পারে। হস্তশিল্প, বুনন, সবজি বা ফুলের বাগান করা, অতিথি সেবা, রান্না করা ইত্যাদি কর্মসূচিতেও প্রশিৰণ দেয়া হয়। তাছাড়া স্বাস্থ্য, প্রাথমিক চিকিৎসা, খেলাধুলা, ব্যায়াম ইত্যাদি বিষয়ে শিৰাদানের ব্যবস্থা গার্ল গাইড কর্মসূচিতে আছে। মূলত একজন গাইডকে সুকন্যা, সুগৃহিণী ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার লৰ্যে গার্ল গাইড কর্মসূচি প্রণীত হয়েছে।

**প্রশ্ন ॥ ১০ ॥ স্কাউট পোশাকের অংশ হিসেবে স্কার্ফের উপকারিতা ও ব্যবহারবিধি লেখ।**

**উত্তর :** স্কাউট স্কার্ফ স্কাউট পোশাকের অবিচ্ছেদ্য অংশ। এটি সমদ্বিবাহু ত্রিকোণাকৃতি কাপড়ের তৈরি। বাহুর মাপ সাধারণত ৭৫ সেন্টিমিটার। পরিচয়ভেদে স্কার্ফ নানা রকম হতে পারে। স্কার্ফ কেবল স্কাউট ইউনিফর্মের সাথেই পরা যাবে।

**স্কার্ফের উপকারিতা :**

১. প্রাথমিক প্রতিবিধানে ব্যান্ডেজের কাজে স্কার্ফ ব্যবহার করা যায়।
২. মাথায় টুপি না থাকলে রোদ বৃষ্টিতে স্কার্ফ দিয়ে মাথা ঢাকা যায়।
৩. বিপদে পড়লে সংকেত দেখার জন্য নিশান হিসেবে বা কয়েকটি স্কার্ফ একসাথে বেঁধে দড়ির কাজে ব্যবহার করা যায়।

**ব্যবহারবিধি :** দৈর্ঘ্যের দিক থেকে জড়িয়ে স্কার্ফ তৈরি করে ঘাড়ের সাথে মিলিয়ে পরবে। স্কার্ফ অবশ্যই শার্টের কলারের ওপর পরতে হবে এবং কলারের বোতাম লাগিয়ে নিতে হবে। কোনো ক্রমেই কলারের নিচে টাই আকৃতিতে স্কার্ফ ব্যবহার করা যাবে না।

**প্রশ্ন ॥ ১১ ॥ ডাক্তারি গেরো ও বড়শি গেরো কীভাবে বাঁধতে হয়?**

**উত্তর : ডাক্তারি গেরো :** দুটি সমান মোটা দড়ির মাথা একটি ডান হাতে ও অপরটি বাম হাতে ধরে ডান হাতের দড়ির মাথার কাছে খানিক অংশ বাম হাতের দড়ির মাথার দিকে পাশাপাশি ধরে একটি প্যাঁচ দিতে হবে।

এরপর দড়ির একটি অংশকে সেই অংশের মূল দড়ির পাশে রেখে অপর অংশটি দিয়ে পাশের অংশের সাথে প্যাঁচ দিতে হবে। এবার আস্তে আস্তে টেনে গেরো শক্ত করতে হবে। এভাবে ডাক্তারি গেরো বা রিফ নট বাঁধতে হয়। ডাক্তারি গেরো বা রিফ নট সাধারণত সমান মোটা দুটি দড়ি জোড়া দিতে প্যাকেট বা ব্যান্ডেজ বাঁধতে ব্যবহার করা হয়।

**বড়শি গেরো :** দড়ির চলমান প্রান্ত দিয়ে খুঁটিতে একটি পূর্ণ প্যাঁচ দিতে হবে। এই প্যাঁচ দেওয়ার ফলে দড়ির স্থির অংশ দড়ির চলমান অংশের নিচে অথবা ওপরে থাকতে পারে। যদি দড়ির স্থির অংশ চলমান অংশের নিচে থাকে তাহলে দড়ির চলমান অংশ আগের তৈরি প্যাঁচের নিচ দিয়ে খুঁটিতে ঘুরিয়ে এনে দড়ির স্থির অংশের নিচ দিয়ে দ্বিতীয়বার তৈরি প্যাঁচের মধ্যে ঢুকিয়ে দিতে হবে। দড়ির দুই প্রান্তকে টেনে শক্ত করতে হবে। এভাবে বড়শি গেরো (ক্লোভ হিচ) বাঁধতে হয়। সুতার মাথায় বড়শি বাঁধতেও এই গেরো ব্যবহার করা হয়।

**প্রশ্ন ॥ ১২ ॥ জীবনরক্ষা গেরো কীভাবে দিতে হয় লেখ।**

**উত্তর :** দড়ির এক প্রান্তকে ডান হাত দিয়ে ধরে বাম হাতের তালুকে উপরের দিকে রেখে দড়িকে বাম হাতের তালুর উপর রাখতে হবে। দড়ির যে অংশে লুপ হবে সে পরিমাণে দড়িকে নিজের শরীরের দিকে টেনে আনতে হবে। শরীরের দিকে দড়ির যে অংশ আছে সেটি দড়ির চলমান অংশ। দড়ির চলমান অংশ দিয়ে হাতের তালুর উপর এমন ভাবে একটি লুপ তৈরি করতে হবে যেন লুপ তৈরির পর দড়ির চলমান অংশ দড়ির স্থির অংশের ওপর দিয়ে থাকে। এভাবে তৈরি লুপকে বাম হাতের মাধ্যমে বুড়ো আঙুল ধরতে হবে। বাম হাতের তর্জনী শরীরের সামনের দিকে বাড়িয়ে দড়ির স্থির অংশকে তর্জনীর ওপর রাখতে হবে। এরপর দড়ির চলমান প্রান্তটি লুপের নিচ থেকে ওপরের দিকে উঠিয়ে দড়ির চলমান প্রান্তকে দড়ির স্থির অংশের নিচ দিয়ে সরাসরি পুনরায় লুপের মধ্যে ঢুকিয়ে দিতে হবে। এখন লুপের মধ্যে দড়ির চলমান যে দুইটি অংশ আছে সে দুইটি অংশকে ডান হাতে ধরে দড়ির স্থির অংশ বাম হাতে ধরে টানলে তা হবে জীবনরক্ষা গেরো।

**প্রশ্ন ॥ ১৩ ॥ পাল গেরো ও তাঁবু গেরো বাঁধার নিয়ম লেখ।**

**উত্তর : পাল গেরো :** একটি মোটা দড়ির এক প্রান্তে লুপ করে বাম হাতে ধরতে হবে। এবার ডান হাতে একটি সরৰ দড়ির প্রান্তভাগ মোটা লুপের নিচের দিক থেকে ওপরে তুলতে হবে। তারপর মোটা দড়ির সাথে প্যাঁচ দিয়ে সরৰ দড়িটিকে তার নিচের লুপের মূল অংশের নিচে ঢুকিয়ে দিতে হবে। লৰ রাখতে হবে এ সময় সরৰ দড়ির প্রান্তটি যেন লুপের ওপরে থাকে। এরপর সরৰ দড়ির স্থির অংশকে আস্তে আস্তে টানলে পাল গেরো বা শিট ব্যান্ড তৈরি হয়ে যাবে। মোটা দড়ির সাথে দড়ি বাঁধতে, নৌকার পাল বাঁধতে, পতাকার রশি ও পতাকা দণ্ডের রশি একত্রে বাঁধতে এই গেরো ব্যবহৃত হয়।

**তাঁবু গেরো :** দড়ির চলমান অংশ দিয়ে কোনো খুঁটিতে দুইবার প্যাঁচ দিতে হবে। খুঁটিতে দুইবার প্যাঁচ দেয়ার পর দড়ির দুই প্রান্তকে দুই হাতে ধরে চলমান প্রান্ত দিয়ে দড়ির স্থির অংশের অল্প দূরে দুটি হাফ হিচ বা আলগা গেরো দিতে হবে। এভাবে তাঁবু গেরো বাঁধতে হয়।

**প্রশ্ন ॥ ১৪ ॥ প্রাথমিক চিকিৎসা কী? প্রাথমিক চিকিৎসাকারীর কাজ লেখ।**

**উত্তর : প্রাথমিক চিকিৎসা :** প্রাথমিক চিকিৎসা বা প্রতিবিধানের ইংরেজি প্রতিশব্দ হলো ফার্স্ট এইড (First Aid)। First অর্থ প্রথম আর Aid অর্থ সাহায্য। সুতরাং First Aid অর্থ প্রথম সাহায্য। কোনো আহত ব্যক্তিকে সবার আগে যে সাহায্য করা হয়, তাই প্রাথমিক চিকিৎসা।

**প্রাথমিক চিকিৎসাকারীর কাজ :** প্রাথমিক চিকিৎসাকারীর কাজ প্রধানত তিনটি। যেমন :

১. **রোগনির্ণয় :** কী কারণে অসুস্থতার সৃষ্টি হয়েছে তা খুঁজে বের করা। রোগের লৰণ, চিহ্ন বা ইতিহাস থেকে রোগ নির্ণয় করা সম্ভব।

২. **চিকিৎসা :** কতটুকু চিকিৎসার প্রয়োজন তা নির্ণয় করে ডাক্তার আসার আগ পর্যন্ত যাতে রোগীর অবস্থার অবনতি না হয় সে ব্যবস্থা গ্রহণ করা।

৩. **স্থানান্তর :** রোগীকে নিরাপদ জায়গায় স্থানান্তরের ব্যবস্থা করতে হবে। প্রয়োজন হলে ডাক্তারের কাছে বা হাসপাতালে স্থানান্তর করতে হবে।

**প্রশ্ন ॥ ১৫ ॥ প্রাথমিক চিকিৎসার উপরকণগুলোর নাম লিখ।**

**উত্তর :** কোনো দৈব দুর্ঘটনায় ডাক্তার না আসা পর্যন্ত হাতের কাছের জিনিস দিয়ে রোগীকে প্রাথমিকভাবে সাহায্য করা এবং রোগীর অবস্থা যাতে জটিলতর না হয় সেদিকে লৰ রেখে সাময়িক ব্যবস্থা গ্রহণ করাকে প্রাথমিক চিকিৎসা বলে।

**প্রাথমিক চিকিৎসার উপকরণ :**

১. **ড্রেসিং :** ক্ষতস্থানকে জীবাণুমুক্ত রাখার জন্য যে ব্যবস্থা নেয়া হয় তাকে ড্রেসিং বলে।

২. **লিন্ট :** জীবাণুমুক্ত বা ওষুধযুক্ত একখণ্ড কাপড়ই লিন্ট।

৩. **প্যাড :** ক্ষতস্থানকে আরাম দেয়ার জন্য যে গদি ব্যবহার করা হয় তাকে প্যাড বলে।

৪. **স্পিরুন্ট :** ভাঙা হাড়কে সোজা রাখার জন্য যে চটি ব্যবহার করা হয় তাকে স্পিরুন্ট বলে।

৫. **ব্যান্ডেজ :** লিন্ট, প্যাড বা স্পিরুন্ট যথাস্থানে রাখার জন্য ব্যান্ডেজ ব্যবহার করা হয়।

**প্রশ্ন ॥ ১৬ ॥ কাটা ও পোড়ার প্রাথমিক চিকিৎসা লেখ।**

**উত্তর : কাটার প্রাথমিক চিকিৎসা :** ছুরি, কাঁচি, বেরড, দা, বঁটি প্রভৃতিতে দুর্ঘটনাবশত হাত–পা কেটে যেতে পারে। এৰেত্রে প্রথমেই আহত ব্যক্তির কোথায় কতটুকু কেটেছে তা চিহ্নিত করে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে :

১. সাবান দিয়ে হাত পরিষ্কার করে কাটা স্থান পানি দিয়ে ধুয়ে তুলা বা কাপড় দিয়ে মুছতে হবে।

২. ৰতের চারপাশ ডেটলস্যাভলন বা অন্য কোনো জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করতে হবে।

৩. ৰতস্থানের জমাট বাঁধা রক্ত সরানো উচিত নয়। সরালে পুনরায় রক্তৰরণ হতে পারে।

৪. সামান্য ৰত হলে সরাসরি আঙুলের চাপ দিয়ে এবং বড় ধরনের ৰত হলে তুলা বা গজ দিয়ে চেপে ধরে রক্তপাত বন্ধ করতে হবে।

**পোড়ার প্রাথমিক চিকিৎসা :** আগুন, গরম পানি, জ্বলন্ত বস্তু ও গরম তরল পদার্থ থেকে দুর্ঘটনাবশত শরীরের কোনো অংশ পুড়ে গেলে পোড়া জায়গায় ঠান্ডা পানি বা ডিমের সাদা অংশ মাখিয়ে দিতে হবে। কোনো জায়গায় ফোস্কা দেখা দিলে ফোস্কা গলানো উচিত নয়। সাথে সাথে ডাক্তারের পরামর্শ নিতে হবে।